আলমডাঙ্গায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দুর্যোগ প্রস্তুতিতে লড়ব, স্মার্ট সোনার বাংলা গড়ব’-এ বছরের এ প্রতিপাদ্যকে সামনে রেখে আলমডাঙ্গায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে। আজ রবিবার সকাল ১০ টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে এ দিবসটি বিভিন্ন আয়োজনের মাধ্যমে পালিত হয়েছে।

প্রথমে উপজেলা পরিষদ এলাকা থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শন করেন।
এ দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহম্মেদ ডন।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, ইন্সটেক্টর জামাল হোসেন, খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা আব্দুল হামিদ, আনসার ও ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম। উপজেলা স্কাউটের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু, স্কাউট অরিদ্র সূত্রধর, উপজেলা মডেল মসজিদের মোয়াজ্জেন হাফেজ হাসান আলী, ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা আল মামুন।

আলমডাঙ্গার কুমারী ইউপিতে ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের উপনির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ৩ নম্বর কুমারী ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের সাধারণ উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। কুমারী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

সকাল আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। মোট ভোটার সংখ্যা ছিল ১ হাজার ৭শত ৭৯ জনের মধ্যে ১ হাজার ৩ শত ৪৮ জন ভোটার তাদের ভোট প্রদান করেছে। নির্বাচনে তিনজন মেম্বার প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। তার মধ্যে টিউবয়েল প্রতীক নিয়ে সুখচান আলী মন্ডল ৫ শত ৩ ভোট পেয়ে সদস্য পদে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিল মোরগ প্রতীকের জাকির হোসেন সুমন। তিনি ভোট পেয়েছেন ৪ শত ৩২ ভোট পরাজিত হয়েছেন। অপরজন ফুটবল প্রতীক নিয়ে সেলিম রেজা ৪ শত চার ভোট পেয়েছেন।

রিটার্নিং অফিসারের দায়িত্ব ছিলেন উপজেলা নির্বাচন কর্মকর্তা মশিউর রহমান, প্রিজাইডিং অফিসারের দায়িত্ব ছিলেন বিআরডিবির প্রকল্প কর্মকর্তা আব্দুল মান্নান। কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ, আনসারসহ আইন-শৃঙ্খলার দায়িত্ব পালন করেন।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক নারী দিবস পালন

‘নারীর সম অধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ’- এই প্রতিপাদ্য নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে।

এই উপলক্ষে আজ শুক্রবার বিকেল তিনটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। উপজেলা কার্যালয়ের চত্বর থেকে শোভাযাত্রাটি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে সেখানেই ফিরে আসে।

পরে উপজেলা সম্মেলন কক্ষে এক আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, ইন্সটেক্টর জামাল হোসেন, মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন পাতা, আমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আলম।

স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন উদ্যোক্ত হেলেন আক্তার কামনা, নারীর উদ্যোক্তা সুরভী শরিফা, নারী উদ্যোক্তা রুসনি আক্তার তামান্না, আফিয়া জয়নব। কবিতা পাঠ করেন ভাংবাড়িয়া কিশোর কিশোরী ক্লাবের ছাত্রী শামসুন্নাহার শম্পা।কোরআন থেকে তেলাওয়াত করেন মহিউদ্দিন একাডেমীর ছাত্র হাফেজ মনিরুল ইসলাম।

আলমডাঙ্গায় উপজেলা প্রশাসন-আওয়ামীলীগসহ বিভিন্ন সংগঠনের ঐতিহাসিক ৭ই মার্চ পালন

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ই মার্চ পালন করা হয়েছে। আলমডাঙ্গা উপজেলা প্রশাসন, আওয়ামীলীগসহ বিভিন্ন সংগঠন দিবসটি পালন করেছে।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে চিত্রাঙ্কন, রচনা, ভাষণ, সংগীত, আবৃত্তি ও কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়। সকাল উপজেলা প্রশাসন বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভার আয়োজন করে।

সকাল ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন,থানা অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার রেহানা পারভীন।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী, উপজেলা প্রকৌশলী তাওহিত আহমেদ, মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম,তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, হিসাবরক্ষণ কর্মকর্তা শহিদুল ইসলাম, খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, পল্লী সঞ্চয় ব্যাংকের শেফালী বেগম, সহকারী শিক্ষা অফিসার হুমায়ুন কবির।

এর আগে সকাল সাড়ে ৯ টার দিকে উপজেলা চত্তরে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পন করেন উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের পক্ষে নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহেম ডন, ওসি, প্রানী সম্পদ কর্মকর্তা, কৃষি সম্প্রসারন কর্মকর্তা রেহানা পারভীন, শিক্ষা অফিসার জিয়াউল হক, জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, খাদ্যকর্মকর্তা আব্দুল হামিদ প্রমুখ।

এদিকে আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের উদ্দ্যোগে ৭ই মার্চ উপলক্ষে সকাল সাড়ে ৮ টার সময় দলীয় কার্যালয়ে ঐতিহাসিক ৭ই মার্চ ভাষন দিবস পালন করেছে।জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,

সাধারণ সম্পাদক ইয়াকুব আলী,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, সহিদুল ইসলাম, যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,সিরাজুল ইসলাম, আব্দুল মালেক, হাজী ঠান্ডু রহমান, সাবেক পৌর আওয়ামীলীগের সম্পাদক সিরাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, জেলা সদস্য সিরাজুল ইসলাম, শাহ আলম, কাজী খালেদুর রহমান অরুন,ছাত্র নেতা আশরাফুল ইসলাম, নাহিদ হাসান তমাল, বাদশা, সাকিব,অটল, জেলা মৎসজীবি লীগের সভাপতি শাহাবুল ইসলাম, সহসভাপতি আলতাব হোসেন, ববিতা খাতুন, স্বপন, উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, মহিলা আওয়ামীগের সভাপতি সাহিদা খাতুন সহ নেতৃবৃন্দ।

অন্যদিকে ঐতিহাসিক ৭ মার্চ দিবস ২০২৪ উপলক্ষে আলমডাঙ্গা সরকারি কলেজ বিভিন্ন কর্মসূচীর আয়োজন করে। সকাল ৯ টার সময় র্যালি সহ শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ, ছাত্রছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা, আলোচনা সভা ও দোয়া মাহফিল।

সকাল ১০ টার সময় সরকারি কলেজের হলরুমে শিক্ষক ছাত্রছাত্রীদের সম্মিলিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সরকারি কলেজের অধ্যক্ষ, প্রফেসর ডক্টর জে এম রকীব।

তাপস রশীদ এর সঞ্চালনায় এই দিনের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন, সহকারি অধ্যাপক মোনায়েম হোসেন, সিনিয়র প্রভাসক ডক্টর মহবুব আলম, সহকারি অধ্যাপক মহিতুর রহমান, আব্দুল মালেক, মো: আনোয়ার হোসেন, শরিয়ত উল্লাহ, সহকারি অধ্যাপক সাইদুর রহমান, সহকারি অধ্যাপক, মো: গোলাম ছরোয়ার।

কুইজ প্রতিযোগিতায়, ৩য় স্থান অধিকার করে মোছা: শ্যমলী খাতুন দ্বাদশ-বিজ্ঞান বিভাগ, ২য় স্থান অধিকার করে, মোছা: বিউটি খাতুন দ্বাদশ-বিজ্ঞান বিভাগ এবং ১ম স্থান অধিকার করে মোছা: উম্মে রাফিয়া রোশনি দ্বাদশ -বিজ্ঞান বিভাগ বিজয়ী হয়।

এসময় উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক রাহাত আরা, সহকারী অধ্যাপক দিলরুবা শিরিন, সহকারি অধ্যাপক মো: ইকবাল হাসান, জেসমিন আরা পারভিন, মো: মাকসুদর রহমান, মো: হাবিবুর রহমান মোছা: রওজাতুল জান্নাত, পলি রানি সিনহা, মো: নুরুজ্জামান, সাব্বিরআহম্মেদ, মো; আমিরুল।

আলমডাঙ্গায় বাবার ধর্ষণের

শিকারে মেয়ে অন্তঃসত্ত্বা;

থানায় ধর্ষণ মামলা দায়ের

আলমডাঙ্গায় ১৪ বছরের এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে ওই কিশোরীর বাবাকে গ্রেফতার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার রাতে এ বিষয়ে ওই কিশোরীর মা বাদী হয়ে থানায় ধর্ষণ মামলা দায়ের করেছে। এর আগে ধর্ষণের অভিযোগে কিশোরীর বাবাকে আটক করে পুলিশে দিয়েছে এলাকাবাসী।

থানার ওসি জানান, শুক্রবার সকালে ধর্ষণকারী বাবাকে সংশ্লিষ্ট মামলায় তাকে চুয়াডাঙ্গা আদালতে এবং কিশোরীকে ডাক্তারি পরীক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হবে।

এলাকাবাসী সূত্রে জানা যায়, উপজেলার চিৎলা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের বাসিন্দা আলতাফ হোসেন। তার স্ত্রী ও দুই মেয়ে নিয়ে বসবাস করেন। পেশায় তিনি দিনমজুরের কাজ করেন। তার বড় মেয়ে স্থানীয় একটি মাধ্যমিক বিদ্যালয়ে ৬ষ্ট শ্রেণী লেখাপড়া করে।

গত ৩ মাস আগে ওই কিশোরীর মা বাড়িতে না থাকায় তাকে জোরপূর্বক নিজ বাড়িতেই ধর্ষণ করে পিতা আলতাফ হোসেন। তিনি গত কয়েক মাস ধরে প্রায়ই ধর্ষণ করতেন বলে গুঞ্জন চলছিল। তিনি এ বিষয়ে কাউকে কিছু বলতে নিষেধ করেন। গত ১৬ ফেব্রুয়ারি উপজেলার নাগদাহ গ্রামের বাসিন্দা এক যুবকের সাথে তার মেয়ের পারিবারিক ভাবে বিবাহ হয়। বিবাহের দিনগত রাতেই ওই কিশোরী বমি ও পেটে ব্যাথা অনুভব করে। পরের দিন ডাক্তারি পরিক্ষা করলে ওই কিশোরী দুই মাসের অন্তঃসত্ত্বা বলে জানান চিকিৎসক। তার পিতা মেয়েকে ধর্ষণের বিষয়টি কাউকে বলতে নিষেধ করেন। এছাড়া হত্যারও হুমকি দেয়। একপর্যায়ে এলাকাবাসীর চাপে ওই কিশোরী তার পিতার নিকট ধর্ষণের শিকার হয়েছে বলে জানায় ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, ওই কিশোরীর মা বাদী হয়ে থানায় অভিযোগ দিলে বাবাকে গ্রেফতার করা

হয়। এর আগে এলাকাবাসী ওই কিশোরীর বাবাকে আটত করে গণধোলাই দিয়ে পুলিশে খবর দিলে তাকে হেফাজতে হেওয়া হয়।

আলমডাঙ্গায় মা-বাবার বিচ্ছেদের ৪ মাস পর বিদ্যুৎস্পৃষ্টে শিশুর মৃত্যু

আলমডাঙ্গা উপজেলায় মোবাইল ফোনে চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে এক শিশুর মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইলবগাদি গ্রামে এ ঘটনা ঘটে।

মারা যাওয়া শিশুটির নাম মাইশা খাতুন (৭)। সে স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থী ছিল।

স্থানীয়রা জানান, উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদি গ্রামের শিশু মাইশা খাতুন মোবাইলের চার্জার নিয়ে খেলা করছিল। সে ওই চার্জারের তার নিজের গলায় পেঁচিয়ে বৈদ্যুতিক বোর্ডে দিতে গেলে বিদ্যুৎস্পৃষ্ট হয়। পরে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার আগেই মারা যায়।

ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহানুর রহমান বলেন, গত তিন-চার মাস আগে শিশুটির বাবা-মায়ের বিচ্ছেদ হয়। এরপর থেকে ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদি গ্রামে নানা শহিদুল হকের বাড়িতে মায়ের সঙ্গে থাকতো মাইশা। বৃহস্পতিবার সকালে শিশু মাইশা মোবাইল চার্জার বিদ্যুতের প্লাগে দিলে বিদ্যুতায়িত হয়। এরপর সে অসুস্থ হলে পড়লে হাসপাতালে নেয়ার আগেই তার মৃত্যু হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া বলেন, বিদ্যুৎ স্পৃষ্টে শিশু মৃত্যুর ঘটনাটি শুনেছি। সদর থানা পুলিশ প্রয়োজনীয় কাগজপত্র পাঠালে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

আলমডাঙ্গার মোকামতলায় পুকুর খননের নামে মাটি কেটে বিক্রির অভিযোগ

আলমডাঙ্গা উপজেলায় পুকুর খননের নামে মাটি কেটে ইটভাটায় বিক্রির অভিযোগ উঠেছে। এতে পার্শবর্তী জমিতে ফসল চাষে অতিরিক্ত সেচপানি ও উর্বরতা কমে যাওয়ার আশংকা করছে কৃষকেরা।

এছাড়া ওই মাটি ট্রাক্টরে পরিবহণ করায় সড়কগুলো ধুলোই আচ্ছোন্ন হয়ে পড়েছে। দ্রুত গতিতে গাড়ি চলাচলে দুর্ঘটনার আশঙ্কা করছে স্থানীয়রা। ভয়াবহ বিপর্যয়ের সম্মুখীন হচ্ছে পরিবেশ। এতে উপজেলা প্রশাসনের হস্তক্ষেপ কামণা করেছে এলাকাবাসী।

স্থানীয়রা জানান, উপজেলার আইলহাঁস ইউনিয়নের হারকান্দি-মোকাতলা গ্রামের দু’বিল মাঠ এলাকা থেকে দারুল ইসলাম নামের এক ব্যক্তি পুকুর খননের নামে মাটি কেটে ইটভাটায় বিক্রি করছে। তিনি ওই এলাকার মৃত আইনুদ্দিন মালিতার ছেলে। সে গত কয়েক মাস পূর্বে মাছ চাষের জন্য পুকুর লিজ নিয়েছেন। ওই পুকুর থেকে মাটি কেটে ইটভাটায় বিক্রি করছেন। প্রতিদিন ৭/৮ টি ট্রাক্টরে সকাল ৭টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত অনিয়ন্ত্রিতভাবে মাটি পরিবহণ করছে। এতে সড়ক জুড়ে ধুলোমাটিতে আচ্ছোন্ন হয়ে পড়েছে। যখনতখন ঘটতে পারে বড় ধরণের দুর্ঘটনা।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন কৃষক জানান, পুকুরের চারিপাশে আবাদি ফসলের জমি রয়েছে। এ জমিতে ভুট্টা সহ বিভিন্ন ফসল চাষ করা হয়। পুকুর খননের কারনে ফসলের জমিতে সেচের পানি থাকে না। এছাড়া দ্রুতগতিসম্পন্ন ট্রাক্টরে ধুলোবালিতে পরিবেশ নষ্ট ও দুর্ঘটনার আশঙ্কা করছেন।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে দুটি ক্লিনিকে ৪৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় সার্বক্ষণিক চিকিৎসক এবং প্রশিক্ষিত নার্স ছাড়াই রোগী চিকিৎসা দেবার অভিযোগে ফিরোজ ক্লিনিকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। এছাড়া একই অভিযোগে কালিদাসপুর বাসস্ট্যান্ড সংলগ্ন আল-মদিনা ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিককেও ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল বুধবার বিকেলে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট স্নিগ্ধা দাসের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

আদালত সূত্রে জানা গেছে, উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর এলাকার ফিরোজা ক্লিনিকে সার্বক্ষণিক এমবিবিএস ডাক্তার ও প্রশিক্ষিত নার্স ছাড়াই রোগী ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে নির্বাহী ম্যাজিষ্ট্রেটের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। এ ছাড়াও একই অভিযোগে কালিদাসপুর বাসস্ট্যান্ড সংলগ্ন আল-মদিনা ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিককেও ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্ট্রেট স্নিগ্ধা দাস বলেন, সার্বক্ষণিক চিকিৎসক ও নার্স ছাড়াই একটি হাসপাতাল চালানোর অভিযোগে মালিকের ২৫ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে এক মাসের কারাদণ্ড দেওয়া হয়। মালিক জরিমানার টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করে দেন।

এদিকে ভ্রাম্যমাণ আদালতে অভিযুক্ত ডাঃ নজরুল ইসলাম অভিযোগ করে বলেন, আমার ক্লিনিকে লাইসেন্সসহ সকল কাগজপত্র সঠিক আছে। আমি সার্বক্ষণিক ক্লিনিকে রোগীদের চিকিৎসা সেবা দিয়ে থাকি। প্রশিক্ষিত নার্সও আছেন ঘটনার সময় তিনি ছুটিতে ছিলেন। তিনি আরও বলেন, আলমডাঙ্গার অনেক ক্লিনিকেই সার্বক্ষণিক চিকিৎসক ও নার্স নেই। সেখানে অভিযান হচ্ছে না। আমি মনে করি এটা সম্পূর্ণ ব্যক্তি ব্যক্তিগত আক্রোশ মূলক জরিমানা করা হয়েছে।

আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে স্ত্রী নিহত, স্বামী-ছেলে আহত

আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে আনজিরা খাতুন (৩৫) নামের এক গৃহবধূ নিহত হয়েছেন। এতে তার স্বামী ভ্যান চালক হামিদুল ইসলাম
(৪১) ও ছেলে আশরাফুল ইসলাম (৮) গুরুতর আহত হয়েছেন।

আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা সদরের কালিদাসপুর ব্রিজ মোড় এলাকার সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ও আহতরা মিরপুর থানাধীন আমবাড়িয়া গ্রামের বাসিন্দা। এছাড়া দুর্ঘটনাস্থল থেকে এলাকাবাসী ট্রাক ও চালককে আটক করে পুলিশে সোপর্দ করেছে। ট্রাক চালক আক্তারুজ্জামান দর্শনা থানাধীন পুরাতন বাজার এলাকার বাসিন্দা।

স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার সকালে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের পশ্চিমপাড়া এলাকায় ব্যাটারিচালিত ভ্যান যোগে স্বামী,স্ত্রী ও ছেলে নিয়ে এক বাড়িতে দুধ বিক্রি করতে যান। সেখান থেকে ফেরার পথে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কে উঠতেই বালু বোঝাই ট্রাকের ধাক্কা লাগে। এসময় ছিটকে ট্রাকের চাকার নিচে পড়ে গৃহবধূ আনজিরা। ঘটনাস্থলে পিষ্ট হয়ে ওই নারীর মৃত্যু হয়। এতে গুরুত্বর আহত হয়েছে স্বামী হামিদুল ও ছেলে আশরাফুল। পরে এলাকাবাসী তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আলমডাঙ্গা থানাপুলিশ ও ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা নিহত গৃহবধূর লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্সের অপারেশন অফিসার আব্দুল্লাহ আল মামুন জানান, খবর পেয়ে দ্রুত দুর্ঘটনাস্থলে পৌঁছায়। ঘটনাস্থলে এক নারীর মৃত্যু হয়েছে। লাশের ছিন্নভিন্ন অংশগুলো সংগ্রহ করে পুলিশ হেফাজতে দেবার প্রস্তুতি চলছে।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) বিকাশ কুমার জানান, ট্রাকের চাকায় এক গৃহবধূ নিহত হয়েছে। তার স্বামী ও ছেলেকে উদ্ধার করে

উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনা কবলিত ট্রাক ও চালককে আটক করা হয়েছে।

আলমডাঙ্গায় বৈদ্যুতিক খুঁটির সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা, প্রাণ গেল চালকের

বৈদ্যুতিক খুঁটির সঙ্গে ধাক্কা খেয়ে এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। আজ রোববার বিকেল পাঁচটার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের ডম্বলপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মোটরসাইকেলচালকের নাম শহিদুল ইসলাম (৪৫)। তিনি উপজেলার আইলহাঁস ইউনিয়নের হাড়কান্দি গ্রামের মৃত দাউদ আলী বিশ্বাসের ছেলে। তিনি পেশায় একজন কীটনাশক কোম্পানির সিনিয়র মার্কেটিং অফিসার পদে দায়িত্বরত ছিলেন। তারা চার ভাইয়ের মধ্যে তিনি সবার ছোট।

আইলহাঁস ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য সুজন আলী বলেন, নিহত শহিদুল ইসলাম রাজবাড়ি জেলার পাংশা থানাধীন অটো ক্রপ কেয়ার লিমিটেড কোম্পানিতে তিনি সিনিয়র মার্কেটিং অফিসার পদে দায়িত্বে ছিলেন। রবিবার কুষ্টিয়ায় মিটিং শেষে মোটরসাইকেল যোগে নিজ বাড়িতে ফেরার পথে ডম্বলপুর নামক এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে ধাক্কা খেয়ে সে গুরুত্বর আহত হন। স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় একজন নিহত হয়েছে। তার বাড়িতে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট সংগ্রহণের প্রস্তুতি চলছে।